দৈনিক বাংলা

21

তারিখ ... 16 JUL 1991
পৃষ্ঠা ... 7 ... কলাম ... ১-৬

## সরকারী চাকুরী সম্পর্কে উচ্চ পর্যায়ের বৈঠক

# শিক্ষাখাতে শূন্যপদ পূরণের ব্যবস্থা নিন ঃ এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে গতকাল প্রেসিডেন্ট সচিবালয়ে সরকারী চাকরি সম্পর্কে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়।

বাসস জানায়, বৈঠকে সংস্থাপন সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। এ কমিটির দায়িত্ব হবে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে সরকারী চাকুরেদের সঠিক সংখ্যা নিরূপণ এবং ভবিষ্যতে আরো কতজন প্রয়োজন হবে তা নির্ধারণ করা।

ভবিষ্যতে সরকারী চাকরি ক্ষেত্রে শূন্যতা সম্পর্কে আভাস দেয়ার বৈজ্ঞানিক পদ্ধতি উদ্ভাবনের ব্যাপারেও কমিটি সুপারিশ জানাবে।

প্রেসিডেন্ট সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে শিক্ষাখাতে শূন্য পদের সঠিক সংখ্যা নির্ধারণ এবং যত দ্রুত সম্ভব এসব শূন্য পদ পূরণের ব্যবস্থা সম্পর্কে সুপারিশ জানানোর নির্দেশ দেন।

সরকারী কর্ম কমিশন (পিএসসি) প্রার্থীদের যোগ্যতা নিরূপণ এবং প্রার্থীদের পছন্দ-অপছন্দ বিবেচনা না করে নির্দিষ্ট চাকরিতে তাদের যোগ্যতা সম্পর্কে সরকারের কাছে সুপারিশ জানাবে বলে বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়।

(৪-এর পৃঃ দ্রঃ)

**এরশাদ** (প্রথম পৃঃ পর)

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ সাদিক, পিএসসির চেয়ারম্যান এ এম আল-হোসাইনী, সংস্থাপন স[illegible] কে এম রব্বানী ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের পদস্থ কর্মকর্তারা এ বৈঠকে উপস্থিত ছিলেন।

**প্রশাসনিক সংস্কার বাস্তবায়ন কমিটি**

জাতীয় প্রশাসনিক সংস্কার বাস্তবায়ন কমিটি (নিকার) গতকাল প্রধানমন্ত্রীর সচিবালয়ে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের সঙ্গে দেখা করেন।

প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নয়া জেলাসমূহের সদর কার্যালয়গুলোতে অগ্রাধিকার ভিত্তিক নির্মাণের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় উপজেলা ও থানার সীমানা নির্দেশকরণের উপর কয়েকটি সিদ্ধান্তও গ্রহণ করা হয়।

অর্থমন্ত্রী এম এ মুনএম, পররাষ্ট্রমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, জাহাজ চলাচল মন্ত্রী এম কোরবান আলী, কৃষিমন্ত্রী সর্দার আমজাদ হোসেন, পূর্তমন্ত্রী মোস্তফা জামাল হায়দার, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এম নাজিউর রহমান, বেসামরিক বিমান চলাচল মন্ত্রী কর্নেল (অবসরপ্রাপ্ত) এইচ এম এ গফফার, কেবিনেট সচিব এম কে আনোয়ার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও ডিভিশনের সচিবগণ সভায় উপস্থিত ছিলেন।